

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
আইসিটি শাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) সংক্রান্ত তথ্য  
হালনাগাদকরণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্ম সচিব	
সভার তারিখ	১৪ আগস্ট ২০১৮
সভার সময়	বেলা ০৩:০০ ঘটিকা
স্থান	যুগ্ম-সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব ও ইনোভেশন কমিটির সদস্যসচিব, মোছাম্মাৎ ফারহানা রহমান আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

০২। সভায় এ বিভাগের চিফ ইনভেশন অফিসার জানান যে, অদ্য ৩০ সেপ্টেম্বর ২০১৮ রবিবার বেলা ১২.৩০ ঘটিকায় মন্ত্রিসভা কক্ষে (কক্ষ নং: ৩০৪, ভবন-১, বাংলাদেশ সচিবালয়) 'ডিজিটাল বাংলাদেশ' তথা রূপকল্প-২০২১ বাস্তবায়নে বিভিন্ন উদ্ভাবন দেশীয় ও আন্তর্জাতিক মহলে তুলে ধরার লক্ষ্যে 'আন্তর্জাতিক উন্নয়ন উদ্ভাবন সামিট-২০১৮' আয়োজনের প্রস্তুতিমূলক একটি সভায় অংশগ্রহণ করেন এবং উক্ত সভার বিষয়বস্তু নিয়ে আলোচনা করেন। সভাপতি ও উপস্থিত সদস্যবৃন্দ নতুন নতুন জনবান্দব আইডিয়া নিয়ে আলোচনা করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


- ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়াশ রুমে মোটা প্লাস্টিকের তৈরি কার্পেট স্থাপন করা;
- খ) এ বিভাগে মহিলা সহকর্মীদের জন্য পৃথক ফ্রেসরুম/ওয়াশ রুমের ব্যবস্থা করা ; ও
- গ) Energy Saving Auto Switch System চালু করতে হবে। যেমন অটোমেটিক লাইট,ফ্যান Off/On হবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জিল্লুর রহমান চৌধুরী  
যুগ্ম সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা)
- ২) উপ-সচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপ-সচিব, উন্নয়ন-৪ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) উপ-সচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৮) যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোছাম্মাৎ ফারহানা রহমান

উপ-সচিব